৮/১০/২০০১

তারিখ ...............
পৃষ্ঠা ১০ ... কলাম ... ৬

ভোরের কাগজ

# কে হচ্ছেন বাকৃবির নতুন ভিসি?

ময়মনসিংহ প্রতিনিধি : সরকার পরিবর্তন হতে না হতেই বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি পরিবর্তন এবং কে নিয়োগ পাচ্ছেন তা নিয়ে ব্যাপক জল্পনা-কল্পনা শুরু হয়েছে। নির্বাচনে বিএনপি একক সংখ্যাগরিষ্ঠতা পাওয়ায় ক্যাম্পাস থেকে বিতাড়িত ছাত্রদলের নেতাকর্মীরা ভিসিকে প্রাণনাশের হুমকি দেয়। এর পরিপ্রেক্ষিতে ভিসি রাতের আঁধারে ক্যাম্পাস ত্যাগ করায় এই জল্পনা -কল্পনা আরও জোড়ালো হয়েছে।

বর্তমানে ভিসি শহরে অবস্থান করে কোনো রকমে প্রশাসনিক কাজকর্ম সারার চেষ্টা করলেও তা যথেষ্ট নয় বিধায় তিনি যে কোনো মুহূর্তে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারেন বলে গুজব রটেছে। এই আবস্থায় নতুন ভিসি কে হচ্ছেন তা নিয়ে চলছে বেশ সরগরম আলোচনা। ইতিমধ্যে বেশ কজন শিক্ষক এই সম্মানজনক ও লোভনীয় পদটি পাওয়ার আশায় দলীয় হাইকমান্ডের কাছে লবিং শুরু করেছেন। এরপরও সম্ভাব্য ভিসি হিসেবে যাদের নাম শোনা যাচ্ছে তারা হলেন বাকৃবির শিক্ষক সমিতির বর্তমান সভাপতি কৃষিবিদ প্রফেসর ড. মোশাররফ হোসন মিয়া, সাবেক সভাপতি ও ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. রফিকুল হক ভুঁইয়া, সাবেক ডিন ও ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর মোস্তাফিজুর রহমান, প্রফেসর ড. আব্দুল হালিম, প্রফেসর আজিজুল হক, প্রফেসর ড. গোলাম আলী ফকির, প্রফেসর ড. শাহাজাহান প্রমুখ।